**2 0 1 8**

# BENGALI

( Major )

Paper : 2·2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'আমতলির তাঁতির পুত্তুর' কে?

(খ) পৃথিবীর আদি কাক কোনটি?

(গ) গয়লাবাড়ির গরুটির নাম কী?

(ঘ) ঝাউগাছের উপর থেকে খোঁড়া হাঁস রিদয়কে কোথায় নামিয়ে দিয়েছিল?

(i) বাগদী চর

(ii) নালমুড়ির চর

(iii) নুড়িয়া চর

(iv) সুরেশ্বর

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

(ঙ) দুঁদে জমিদারের 'অলকাপুরী' নামের তেতলা বাড়িটিকে পাখিরা কি নাম দিয়েছে?

(চ) পাঁচশো বছর আগে ______ রাজবংশের একজন রাজকুমারী ছিলেন তাং।

( শূন্যস্থান পূর্ণ করো )

(ছ) বিমল ও সুরেশ্বরের মধ্যে কে পাশ-করা ডাক্তার?

(জ) এ্যালিসের সঙ্গী মিনির উপাধি কী?

(ঝ) সাংহাইয়ের প্রান্তে অবস্থিত চিনা পল্লিটির নাম কী?

(ঞ) নাইন্‌টিনথ্ রুট আর্মির অফিসার কমান্ডিং-এর নাম কী?

*(i)* প্রোফেসর লি

*(ii)* বিমল বোস

*(iii)* মার্শাল চিয়াং

*(iv)* চু-সিন-টে

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "চট করে চলে আসুন, দেখুন, কি একটা জন্তু!" এখানে কোন্ জন্তুর কথা বলা হয়েছে? সুরেশ্বর ছেলেবেলায় কোথায় জন্তুটিকে দেখেছিলেন?

(খ) "আপনারা বুদ্ধের দেশের লোক, আমরা আপনাদের মন্ত্রশিষ্য।" বক্তা কে? কাকে তিনি কথাটি বলেছিলেন?





(গ) "মজা হয়, যদি একবার এদের সঙ্গে সমানে আমিও মানস সরোবর পর্যন্ত উড়ে যেতে পারি।" কে, কার কাছে মনের এই ইচ্ছে প্রকাশ করেছে?

(ঘ) কোন্ দুটি পাহাড়ের বাঁকের মধ্যে একটা ঝরনা থেকে রংপো নদী বেরিয়ে এসেছে?

(ঙ) হাড়গিলে রাজার দুই সেনাপতির নাম লেখো।

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) চাষার ঘরে বন্দী কাঠবেড়ালি কিভাবে মুক্তি পেল, লেখো।

(খ) 'বুড়ো আংলা' গ্রন্থের আমতলি অংশে বর্ণিত রিদয় ও গুগলির কথোপকথনটির একটি বিবরণ দাও।

(গ) "দু-দিন এদলে থাক। দেখি তোমার হিম্মৎ কতটা, তারপর যা হয় বিবেচনা করা যাবে ...।" কে, কাকে একথা বলেছে? প্রসঙ্গটি উল্লেখ করো।

(ঘ) সিঙ্গাপুর বোটানিক্যাল গার্ডেনে বিমল ও সুরেশ্বর কাদের সঙ্গে মিলিত হয়েছিলেন? এই সাক্ষাৎকারের একটি বিবরণ দাও।

(ঙ) জাপানি সৈন্যদের কবল থেকে বিমল কিভাবে মুক্তি পেল, লেখো।

(চ) যুদ্ধবিধ্বস্ত সাংহাই শহরে এ্যালিস ও মিনি কিভাবে বিমলকে সাহায্য করেছিল, লেখো।

৪। প্রতিটি গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) বুড়ো আংলা কে? তাকে কেন বুড়ো আংলা হতে হল তা বুঝিয়ে লেখো।

(খ) অবনীন্দ্রনাথ ঠাকুরের বর্ণনা অনুযায়ী কাকেদের বিভিন্ন বংশের পরিচয় দাও।

(গ) "ঔপন্যাসিকের কলম, শিল্পীর তুলি আর কবির কল্পনা—এই তিনের দুর্লভ সংমিশ্রণ ঘটেছে অবনীন্দ্রনাথের এই অসামান্য সৃষ্টিকর্মে।" 'বুড়ো আংলা' গ্রন্থ থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে মন্তব্যের সার্থকতা বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

(ঘ) চিনা জাঙ্ক-এ চড়ে ইয়ান-চাউ দ্বীপ পর্যন্ত সমুদ্র যাত্রায় বিমল ও সুরেশ্বরের যে অভিজ্ঞতা হয়েছিল, 'মরণের ডঙ্কা বাজে' গ্রন্থ অবলম্বনে তার বিবরণ দাও।

(ঙ) 'মরণের ডঙ্কা বাজে' গ্রন্থের ঘটনাবলি অবলম্বনে প্রোফেসর লি-র কর্মকাণ্ডের একটি পরিচয় দাও।

(চ) সাংহাই শহরে জাপানি সেনার আক্রমণ ও নিষ্ঠুর হত্যালীলার একটি বিবরণ প্রস্তুত করো।

★★★